



দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

“পল্লী ভবন”

৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫

স্মারক নং-৪৭.৬২.০০০০.৯৬১.০০.০২৪.২০১২-১৪৬৭

তারিখ: ৩/০৪/২০১৪ খ্রি:

বিষয় : প্রকল্পের ২১টি উপজেলায় আইজিএ প্রশিক্ষণ বাস্তবায়ন।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিআরডিবি কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা শীর্ষক প্রকল্পের স্মারক নং- ৪৭.৬২.০০০০.১০৭.১২.১৩৯৯, তারিখ: ২০/০২/২০১৪ খ্রি: মূলে জারীকৃত পত্রের নির্দেশনা মোতাবেক প্রতিটি উপজেলায় গড়ে ৩০টি কার্যকর সমিতি গঠিত হবে যার সদস্য সংখ্যা হবে ৯০০ জন। যে সকল নতুন সমিতি গঠিত হয়েছে অথবা পুরাতন সমিতিতে যে সকল নতুন সদস্য অন্তর্ভুক্ত হয়েছে শুধুমাত্র তাদের আইজিএ প্রশিক্ষণ বাবদ উপজেলা প্রতি ৩টি ব্যাচে প্রশিক্ষণ প্রদানের জন্য বলা হলো। উল্লেখ্য, একজন সদস্য একাধিক আইজিএ প্রশিক্ষণ গ্রহণের সুযোগ নাই। প্রশিক্ষণ কার্যক্রম শুরুর কমপক্ষে ৭ কার্যদিবস পূর্বে সংশ্লিষ্ট জেলার উপপরিচালক এবং প্রকল্প সদর দপ্তরকে প্রশিক্ষণ কর্মসূচি সম্পর্কে বিস্তারিতভাবে অবহিত করতে হবে। আপনার উপজেলায় ৩টি আইজিএ প্রশিক্ষণ প্রদানের জন্য প্রয়োজনীয় অর্থ ছাড়ের উদ্যোগ নেয়া হয়েছে।

এমতাবস্থায়, প্রকল্পভূক্ত ২১টি উপজেলায় ৩টি ব্যাচে/৩টি ট্রেডে আইজিএ প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্ত: উপজেলার তালিকা এবং প্রশিক্ষণ ব্যয় বিভাজন।

স্বাক্ষরিত

(প্রকৌশলী মোঃ রাশেদুল আলম)

প্রকল্প পরিচালক (IRESPPW)

বিআরডিবি, ঢাকা

ফোন নং-০২-৮১৮০১৪৪

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

.....উপজেলা

.....জেলা

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬১.০০.১০৭.২০১২- ১৪৬৭

তারিখ: ৩/০৪/২০১৪ খ্রি :

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুলিপি প্রেরণ করা হইল :

১. উপপরিচালক, বিআরডিবি,.....জেলা।
২. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৩. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৪. অফিস নথি/ সংশ্লিষ্ট নথি।

(প্রকৌশলী মোঃ রাশেদুল আলম)  
প্রকল্প পরিচালক (IRESPPW)  
বিআরডিবি, ঢাকা


ফোন নং-০২-৮১৮০১৪৪

আইজিএ ভিত্তিক প্রশিক্ষণ কোর্সের বাজেট বিভাজন  
(পশু পালন/ মৎস্য চাষ/ বাসতবাড়ীর আঙ্গিনায় সবজি চাষ/ হাঁস মুরগী পালন)

কোর্সের সার-সংক্ষেপ (প্রতি কোর্স ভিত্তিক)  
প্রতিটি কোর্সের ব্যাচের সংখ্যা : ১ (এক) টি  
প্রতিটি ব্যাচে মোট প্রশিক্ষণার্থী : ৩০ জন  
প্রতিটি ব্যাচে মোট ক্লাসের সংখ্যা : ১২টি

প্রতি কোর্স ভিত্তিক বাজেট বিভাজন

ক্র: নং	বিষয়	জন	দিন	হার (টাকায়)	মোট (টাকা)
১	প্রশিক্ষার্থীদের যাতায়ত ভাতা (জন প্রতি দৈনিক ১০০/- হারে)	৩০	৩	১০০/-	৯০০০/-
২	প্রশিক্ষার্থীদের ভাতা (জন প্রতি দৈনিক ২০০/- হারে)	৩০	৩	২০০/-	১৮০০০/-
৩	প্রশিক্ষকের সম্মানী ভাতা (জন প্রতি দৈনিক ৪৫০/- হারে)	১২	৩	৪৫০/-	৫৪০০/-
৪	আপ্যায়ন (জন প্রতি দৈনিক ২৫/- হারে)	৩০	৩	২৫/-	২২৫০/-
৫	প্রশিক্ষণ সামগ্রী (জন প্রতি ৬০/- করে)	৩০	৩	৬০/-	১৮০০/-
৬	কোর্স সমন্বয়কারী (ইউআরডিও)	১	৩		৫০০/-
৭	কোর্স সংগঠক (এআরডিও, প্রকল্প)	১	৩		৩০০/-
৮	বিবিধ (হলরুম ভাড়া, যাতায়াত ও অন্যান্য)				১০০০/-
সর্বমোট (একটি আইজিএ প্রশিক্ষণ)					৩৮২৫০/-
[কথায়: আটত্রিশ হাজার দুইশত পঞ্চাশ টাকা]					



০৬/০৪/১৪

